সংবাদ

২৬

১৬/১/৮২

034

# বুক ব্যাংক প্রতিষ্ঠার উদ্যোগ একটি ব্যতিক্রমধর্মী পদক্ষেপ

(নিজস্ব বার্তা পরিবেশক)

উপ-প্রধানমন্ত্রী জনাব জামাল উদ্দিন আহমদ বলেন, ঢাকা বিশ্ববিদ্যালয়ের বাণিজ্য অনুষদ বিভিন্ন বিষয়ে অগ্রণী ভূমিকা পালন করে আসছে। বুক ব্যাংক প্রতিষ্ঠার উদ্যোগ এ রকম একটি ব্যতিক্রমধর্মী পদক্ষেপ। উপ-প্রধান মন্ত্রী গত শনিবার ছাত্র শিক্ষক কেন্দ্র মিলনায়তনে 'বুক ব্যাংক' এর উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষণ দিচ্ছিলেন।

জনাব জামালউদ্দিন আহমেদ বলেন, বিশ্ববিদ্যালয়ের অন্যান্য অনুষদেও এ ধরনের উদ্যোগ নেয়ার প্রয়োজন রয়েছে। কারণ এ ধরনের উদ্যোগ বিশ্ববিদ্যালয় ছাত্র-ছাত্রীদের বই সমস্যার সমাধান দিতে পারে। তিনি বুক ব্যাংক এবং বাণিজ্য ভবন নির্মাণে প্রয়োজনীয় সরকারী সহযোগিতা আশ্বাস দেন।

বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ডঃ ফজলুল হালিম চৌধুরী বিশ্ববিদ্যালয়ের বাণিজ্য ভবন নির্মাণের উপর গুরুত্ব দেন।

অনুষ্ঠানে বাণিজ্য অনুষদের ডীন ডঃ এ,এইচ,এম, হাবিবুর রহমান, বুক ব্যাংক কমিটির চেয়ারম্যান জনাব মোহাম্মদ নাসির উদ্দিন, জনাব এম, এ, বাকী খলিলী ও এ, জে, এম, হুমায়ুন বক্তৃতা করেন।